



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
(Website: www.bteb.gov.bd)



স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৪১.০০৩.১৩.২২১

তারিখ: ১৬-০২-২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত নিম্নোক্ত শিক্ষাক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীদের Online এ রেজিস্ট্রেশন কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, এই সময়সূচি পরবর্তীতে কোনক্রমেই বর্ধিত করা হবে না।

অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি), কারিকুলাম কোড: ৮০, (সেশন: জুলাই ২০২১ - জুন ২০২২ ও জানুয়ারি-ডিসেম্বর ২০২২)
ফিসের বিবরণ: রেজিস্ট্রেশন ফি ২০০.০০ টাকা, রোভার স্কাউট ফি ১৫.০০ টাকা, সর্বমোট ২১৫.০০ টাকা প্রতি শিক্ষার্থী।

- (১) Online এ ডাটা এন্ট্রির সময়সূচি: ২৪-০২-২০২২ হতে ১২-০৩-২০২২ পর্যন্ত।
- (২) ফাইনাল কপি (হার্ডকপি) প্রিন্টের সময়সূচি: ১৫-০৩-২০২২ হতে ২০-০৩-২০২২ পর্যন্ত।
- (৩) এন্ট্রিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি এর অর্থ সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর অনুকূলে সোনালী সেবা/সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ১৫-০৩-২০২২ থেকে ২২-০৩-২০২২ খ্রি. এর মধ্যে পরিশোধ করতে হবে।
- (৪) রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার সময় রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার রশিদ অবশ্যই প্রদর্শন করতে হবে।
- (৫) ২০২১-২২ অর্থ বছর পর্যন্ত প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণপত্রের ফটোকপি জমা দিতে হবে।
- (৬) নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্য সম্পন্ন করতে না পারলে সমুদয় দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।
- (৭) প্রতি টেকনোলজিতে আসন সংখ্যা হবে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) জন। এর মধ্যে মূল আসন ৪০ (চল্লিশ) জন এবং ডপআউট ১০ (দশ) জন। তবে প্রতি টেকনোলজিতে ন্যূনতম ০৫ (পাঁচ) জন শিক্ষার্থী রেজিস্ট্রেশন করতে হবে।
- (৮) রেজিস্ট্রেশন কার্ড উত্তোলনের সিডিউল পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

[বিশেষ দ্রষ্টব্য: জরুরী প্রয়োজনে ০১৫৫০৬২০৬০৪, ০১৫৫২৪৮২৭৭৪ ও ০১৫৩৩৪৯২৮৪১ নম্বরে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে।]

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)
সচিব
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৩৯.০০৩.১৩.২২১ (১১)

তারিখ: ১৬-০২-২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ১-৪. পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপ পরিদর্শক (শর্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭. কারিকুলাম বিশেষজ্ঞ (শর্ট কোর্স), পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. শর্ট কোর্স, পরীক্ষা শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. সংশ্লিষ্ট নথি।

(প্রকৌশলী মোঃ আব্দুল হামান)
উপ সচিব (রেজিস্ট্রেশন)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৫০০৬৫৩৬